

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-২ শাখা  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.১৪৪.২০১৩-

তারিখঃ .০৬.২০১৫ ইং।

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মোঃ নুরুন নবী, মেডিকেল অফিসার, নওখিলা উপস্বাস্থ্য কেন্দ্র, সারিয়াকান্দি, বগুড়ার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধির আওতায় 'অসদাচরণ' ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারী করা হয়; এবং


যেহেতু, আপনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লেখিত অভিযোগে দোষী সাব্যস্ত করা হয়েছে,

এক্ষণে, সেহেতু কেন আপনাকে উক্ত বিধিমালার ৪ (৩) (ডি) বিধি মোতাবেক সরকারী "চাকরী হতে বরখাস্ত" (Dismissal from service) করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭ (৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭ (সাত)টি কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হলো।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হলো।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব


ডাঃ মোঃ নুরুন নবী, মেডিকেল অফিসার,  
নওখিলা উপস্বাস্থ্য কেন্দ্র,  
সারিয়াকান্দি, বগুড়া  
স্থায়ী ঠিকানা-গ্রাম-ফুলবাড়ী মধ্যপাড়া, পোঃ+উপজেলা+জেলা-বগুড়া সদর।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.১৪৪.২০১৩- ১৬৭/১ (৫)

তারিখঃ ১৭.০৬.২০১৫ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ((নোটিশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ পূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। সিভিল সার্জন, বগুড়া
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সারিয়াকান্দি, বগুড়া।

  
(মোঃ আনোয়ার হোসেন)  
সহকারী সচিব